২০২৬

# বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-GG-101

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব]

[NEP-2020]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে কোথা থেকে আবিষ্কার করেন?

খ) চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী দু'জন করে বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

গ) বাংলায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনুবাদিত মহাভারতের নাম লেখো।

ঘ) বাংলা ভাষায় প্রথম চৈতন্য জীবনীকাব্য কে রচনা করেন? জীবনী কাব্যটির নাম লেখো।

ঙ) সম্প্রকর্ষ কাকে বলে? উদাহরণ দাও।

চ) মনসামঙ্গলের কবি নারায়ণদেবের উপাধি কী ছিলো? তাঁর 'মনসামঙ্গল' কাব্যের নাম কী?

*[পরের পাতায়]*

ছ) শাক্ত পদাবলীর অন্যতম কবি রামপ্রসাদ সেন কোন রাজসভার কবি ছিলেন? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

জ) বাংলা উপভাষা কয়টি ও কী কী?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বৈষ্ণব পদাবলী সাহিত্যে চণ্ডীদাসের কৃতিত্ব অপরিসীম — সংক্ষেপে আলোচনা করো।

খ) কৃষ্ণদাস কবিরাজের কাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করে শ্রেষ্ঠত্বের পরিচয় নিরূপণ করো।

গ) ‘ধর্মমঙ্গল কাব্যকে রাঢ়ের জাতীয় মহাকাব্য বলা কতটা সঙ্গত’— যুক্তিসহ লেখো।

ঘ) শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি উল্লেখ করে বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদের পুঁথিটি কে কোথা থেকে আবিষ্কার করেন? চর্যাপদের সামাজিক ও সাহিত্য মূল্য নিরূপণ করো।

খ) বাংলায় অনুবাদিত রামায়ণের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম কী? এই কবির কাব্যের শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

গ) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করে শ্রেষ্ঠত্বের পরিচয় নিরূপণ করো।

ঘ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস রেখাচিত্রের মাধ্যমে বিশ্লেষণ করো।

---